**গল্প নয় সত্যি**

মোঃ জাকির হোসেন

বাঘাডোবা, আদ্রা, মেলান্দহ, জামালপুর।

মেলান্দহ- উপজেলার একজন সফল মৎস্য চাষী। তিনি প্রথমে বেকার ছিলেন। বিভিন্ন প্রতিষ্ঠিত ব্যক্তির সাথে আলোচনার পর তিনি মাছ চাষ করার বিষয়ে মনস্থির করেন। এ সময় তিনি উপজেলা মৎস্য দপ্তর হতে প্রশিক্ষণ এবং পরামর্শ গ্রহণ করেন। পরবর্তীতে মৎস্য বিভাগের পরামর্শক্রমে তিনি প্রায় ৫০ শতাংশের একটি পুকুরে কার্প জাতীয় মাছ চাষ শুরু করেন। যথাযথ খাদ্য প্রয়োগ এবং পানির গুণাগুণ অক্ষুন্ন রাখার মাধ্যমে প্রায় ০৮ মাস পরিচর্যার পর তিনি আশাব্যঞ্জক ফলাফল লক্ষ্য করেন। পরের বছর তিনি তার পুকুরটি খনন করে ১০০ শতকে পরিনত করেন। পরবর্তী চাষ মৌসুমে তিনি উক্ত পুকুরে একইভাবে পাঙ্গাস এবং তেলাপিয়া মাছ চাষ করেন। এবছর তিনি প্রায় ০৫ লক্ষ টাকা নীট লাভ করেন। তাকে আর পেছনে ফিরে তাকাতে হয়নি। ধীরে ধীরে পুকুর লিজ গ্রহণ এবং মাছ চাষ করে তিনি এখন সাবলম্বী। বর্তমানে তিনি ০৩ টি পুকুরে মাছ চাষ করে যাচ্ছেন। তাঁর খামারে বর্তমানে ০৩ জন লোকের নিয়মিত কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। খামার যান্ত্রিকীকরণ এর মাধ্যমে তিনি মাছ চাষ করছেন। বর্তমানে তাঁকে কেন্দ্র করেই চলছে ঐ এলাকার মৎস্যচাষ। তাঁর এই সফলতায় উদ্বুদ্ধ হয়ে অনেক বেকার তরুণ মাছ চাষ শুরু করে সাবলম্বী হচ্ছেন।

মোঃ বেলায়েত হোসেন ২০২১-২২ আর্থিক সালে উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ মৎস্য চাষীর সম্মানে ভূষিত হয়েছেন। সফল মাছ চাষির কারণে মাঝে মাঝে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র-ছাত্রী, জেলা মৎস্য কর্মকর্তা, সাংবাদিকবৃন্দ তাঁর খামার পরিদর্শন করেন এবং তাঁর এ উদ্যেগের ভূয়সী প্রশংসা এবং উত্তোরত্তর সমৃদ্ধি কামনা করেন।